ভয়ং নাপি কর্ম্মমার্গবন্মৎসরাদিযুক্তোভ্যো ভয় মিতি ভাব ইত্যেষা। তথা চ স্কান্দে দ্বারকামাহাত্ম্যে পরমেশ্বরবাক্যং—মদ্ভক্তিং বহতাং পুংসা মিহলোকে পরেঽপি বা। নাশুভং বিদ্যতে লোকে কুলকোটিং নয়েদ্দিবমিতি। শ্রীবিষ্ণুপুরাণেঽপ্যুক্তে সকলকল্যাণ-ভাজনং যত্র জায়তে। পুরুষস্তমজং নিত্যং ব্রজামি শরণং হরিমিতি। সর্ব্বান্ত-রায়নিবারকত্বমাহুঃ—তথা ন তে মাধব তাবকাঃ ক্বচিদ্ভ্রশ্যন্তিমার্গাত্ত্বয়িবদ্ধসৌহৃদাঃ। ত্বয়াভিগুপ্তা বিচরন্তি নির্ভয়া বিনায়কানীকপমূর্দ্ধসু প্রভো॥ ১২১॥

তাহা হইলে এইরূপ অশেষ বিশেষ বিচারের দ্বারা শ্রীভক্তিরই অভিধেয়ত্ব অর্থাৎ অবশ্যকর্ত্তব্যতা নির্দ্ধারিত হইল। তন্মধ্যে যে বহুশাস্ত্রে কর্ম্মজ্ঞানাদি মিশ্ররূপে ভাগবতধর্ম্মের উপদেশ দেখিতে পাওয়া যায়, সেটি কিন্তু কর্ম্মজ্ঞানাদি সাধনমার্গে নিষ্ঠাপ্রাপ্ত সাধকগণকে ভক্তি সম্বন্ধে কৃতার্থ করিবার জন্য এবং কোনও কোনও সাধকগণকে ভগবদ্ভজনজনিত আনন্দ আস্বাদন দ্বারা বিশুদ্ধ ভক্তিতেই প্রবর্ত্তন করাইবার জন্যই সেইরূপ উপদেশ করিয়াছেন—ইহাই বুঝিতে হইবে।

পুনশ্চ সর্ব্বশাস্ত্রে সেই ভক্তিরই অভিধেয়ত্ব বলিবার জন্য পূর্ব্বে যদ্যপি ভক্তির ব্যাখ্যা করিয়াছেন, তথাপি ক্রমরীতি অবলম্বনে ব্যাখ্যা করা হইতেছে। সকলের পক্ষে, বিশেষতঃ ভক্তের কিন্তু ভক্তি ভিন্ন অন্য কিছুই করা কর্ত্তব্য নহে—এই অভিপ্রায়ে পুনর্ব্বার ভক্তির মহিমা বর্ণন করা হইতেছে। সেই মহিমা বর্ণনে শ্রীহরিভক্তির পরম ধর্ম্মত্ব এবং সর্ব্বাভীষ্ট-প্রদত্বও—

এতাবানেব লোকস্মিন্ পুংসাং নিঃশ্রেয়সোদয়ঃ।
তীব্রেণ ভক্তিযোগেন মনো মর্য্যর্পিতং স্থিরম॥ ৩।২৫।৪৪
অকামঃ সর্ব্বকামো বা মোক্ষকাম উদারধীঃ।
তীব্রেণ ভক্তিযোগেন যজেত পুরুষং পরম্॥ ২।৩।১০
স্বর্গাপবর্গয়োঃ পুংসাং রসায়াং ভুবি সম্পদাম্।
সর্ব্বাসামপি সিদ্ধীনাং মূলং তচ্চরণার্চ্চনম্॥ ১০।৮১।১৯

ইত্যাদি শ্লোকে ব্যাখ্যাপূর্ব্বক বিশেষরূপে প্রদর্শিত হইয়াছে।

স্কন্দপুরাণেও সনৎকুমার-মার্কণ্ডেয় সংবাদে, যথা—

বিশিষ্টঃ সর্ব্বধর্ম্মাণাং ধর্ম্মো বিষ্ণ্বর্চ্চনং নৃণাম্।
সর্ব্বযজ্ঞ তপোহোম তীর্থ স্নানৈশ্চ যৎফলম্॥
তৎফলং কোটি গুণিতং বিষ্ণুং সম্পূজ্য চাপ্নুয়াৎ।
তস্মাৎ সর্ব্বপ্রযত্নেন নারায়ণ মিহার্চ্চয়েৎ॥

শ্রীসনৎকুমার মার্কণ্ডেয়কে কহিলেন—হে মার্কণ্ডেয়! মানবমাত্রের